



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
www.ecs.gov.bd

মাইকিং টেক্সট

একটি জরুরি ঘোষণা :

এতদ্বারা ইউনিয়ন/ পৌরসভার আওতাধীন সকল এলাকার নাগরিকদের
জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, রূপগঞ্জ উপজেলায় আগামি ১লা আগস্ট ২০২২ তারিখ হতে ভোটার
তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে যাদের জন্মতারিখ ০১-০১-২০০৭
অথবা তার পূর্বে যাদের জন্ম সে সকল ভোটারযোগ্য ব্যক্তিদেরকে নতুন ভোটার নিবন্ধন এবং
মৃত ব্যক্তিদের ভোটার তালিকা হতে কর্তনের জন্য ১লা আগস্ট ২০২২ তারিখ হতে ২১ আগস্ট
২০২২ইং তারিখ পর্যন্ত বাড়ী বাড়ী গিয়ে তথ্য সংগ্রহ করা হবে। সংশ্লিষ্ট নাগরিকগণকে স্ব স্ব
এলাকার দায়িত্বপ্রাপ্ত তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের নিকট প্রয়োজনীয় কাগজপত্র সহ সকল
তথ্য দিয়ে নির্ধারিত তারিখের মধ্যে ভোটার নিবন্ধন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

নতুন ভোটার নিবন্ধনের ক্ষেত্রে যে সকল কাগজপত্র প্রয়োজন হবে :

- ১) অনলাইন জন্মসনদ এর কপি
- ২) শিক্ষাগত যোগ্যতার সনদ (PEC/JSC/SSC এর সনদের কপি)
- ৩) পিতা, মাতা ও বিবাহিতদের ক্ষেত্রে স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
- ৪) চেয়ারম্যান / মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ
- ৫) প্রবাসীদের ক্ষেত্রে বৈধ পাসপোর্টের ফটোকপি (এরাইভালের পাতা সহ)

মৃত ভোটারের ক্ষেত্রে যে কাগজপত্র প্রয়োজন হবে :

- ১) জনপ্রতিনিধি কর্তৃক মৃত্যুসনদ ও মৃত ব্যক্তির জাতীয় পরিচয়পত্রের ফটোকপি

মনে রাখবেন, মিথ্যা তথ্য প্রদান অথবা একাধিকবার ভোটার নিবন্ধন অথবা
একাধিক জাতীয় পরিচয়পত্র গ্রহণ করা আইনগত দণ্ডনীয় অপরাধ।

অনুরোধক্রমে
উপজেলা নির্বাচন অফিসার
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ